# ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
এয়ারপোর্ট রোড, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৪
Website : www.erl.com.bd
E-mail : md-office@erl.com.bd


বিজ্ঞপ্তি নম্বর : ২৮.২৫.০০০০.০৫৩.১১.০০২.১০-১০ তারিখ : ১৯/০৭/২০২২

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর অঙ্গ প্রতিষ্ঠান ও দেশের একমাত্র জ্বালানি তেল শোধনাগার ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড-এ নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স |
|---|---|---|---|
| ১ | মেডিকেল অফিসার<br>গ্রেড : এম-৫;<br>বেতন স্কেল : ৳. ৩৫,৫০০-৬০,৭৭০/- | ০১টি | ক) এমবিবিএস/সমমান<br>খ) যে কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানের ক্লিনিকে বা হাসপাতালে ন্যূনতম ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা<br>গ) বয়স : অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর (আবেদনের সর্বশেষ তারিখ)। |
| ২ | লিগ্যাল এন্ড এস্টেট অফিসার<br>গ্রেড : এম-৭;<br>বেতন স্কেল : ৳. ২৩,০০০-৫৫,৪৭০/- | ০১টি | ক) ন্যূনতম ২য় শ্রেণির এলএলবি ডিগ্রি/২য় শ্রেণির সম্মানসহ এলএলএম ডিগ্রি।<br>খ) যে কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে নির্বাহী/১ম শ্রেণির কর্মকর্তা পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা।<br>গ) পেট্রোকেমিক্যাল বা কেমিক্যাল কমপ্লেক্সে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>ঘ) বয়স : অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর (আবেদনের সর্বশেষ তারিখ)। |
| ৩ | সিকিউরিটি অফিসার<br>গ্রেড : এম-৭;<br>বেতন স্কেল : ৳. ২৩,০০০-৫৫,৪৭০/- | ০১টি | ক) ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি।<br>খ) ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি/কাউন্টার সাবোটাজ/কেপিআই-এ বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।<br>গ) যে কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে নির্বাহী/১ম শ্রেণির কর্মকর্তা পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা।<br>ঘ) প্রাক্তন সেনা কর্মকর্তাদেরকে (জেসিও'র নিম্নে নয়) এবং পেট্রোকেমিক্যাল বা কেমিক্যাল কমপ্লেক্সে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>ঙ) বয়স : অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর (আবেদনের সর্বশেষ তারিখ)। |
| ৪ | কোয়ালিটি কন্ট্রোল অফিসার<br>গ্রেড : এম-৭;<br>বেতন স্কেল : ৳. ২৩,০০০-৫৫,৪৭০/- | ০১টি | ক) ন্যূনতম ২য় শ্রেণির বিএসসি কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রি/কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রি বা ন্যূনতম ২য় শ্রেণির সম্মানসহ কেমিস্ট্রিতে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।<br>খ) যে কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে নির্বাহী/১ম শ্রেণির কর্মকর্তা পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা।<br>গ) পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ উচ্চতর ডিগ্রিধারীগণকে বা পেট্রো কেমিক্যাল বা কেমিক্যাল কমপ্লেক্সে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>ঘ) বয়স : অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর (আবেদনের সর্বশেষ তারিখ)। |
| ৫ | স্টোর অফিসার<br>গ্রেড : এম-৭;<br>বেতন স্কেল : ৳. ২৩,০০০-৫৫,৪৭০/- | ০১টি | ক) ন্যূনতম ২য় শ্রেণির (সম্মান)সহ এমকম/এমবিএ/এমএসএস বা সমমানের ডিগ্রি।<br>খ) ম্যাটেরিয়াল ম্যানেজমেন্ট-এ ডিপ্লোমা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য করা হবে।<br>গ) যে কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি বা বেসরকারি শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে নির্বাহী/১ম শ্রেণির কর্মকর্তা পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা।<br>ঘ) পেট্রো কেমিক্যাল বা কেমিক্যাল কমপ্লেক্সে কাজের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।<br>ঙ) বয়স : অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর (আবেদনের সর্বশেষ তারিখ)। |

**শর্তাবলী :**

১) নিয়োগের ক্ষেত্রে কোম্পানির বিদ্যমান নিয়োগ নীতিমালা অনুসরণ করা হবে।
২) লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
৩) জিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে বিভাগ/শ্রেণি নির্ধারণের জন্য এতদবিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসরণ করা হবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার কোনো পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণি বা সমতুল্য জিপিএ গ্রহণযোগ্য হবে না।
৪) সকল পর্যায়ে শিক্ষাগত যোগ্যতার সনদ সরকার অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জন করতে হবে।
৫) সরকারি/আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় তা প্রদর্শন করতে হবে।
৬) একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের বিপরীতে আবেদন করতে পারবেন।

৭) অসম্পূর্ণ/ভুল তথ্য/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮) বয়স প্রমাণের ক্ষেত্রে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসাবে গণ্য হবে এবং বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৯) নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১০) লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড-এর ওয়েবসাইট (www.erl.com.bd) এর মাধ্যমে জানানো হবে।

১১) এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য **www.erl.com.bd** এ পাওয়া যাবে।

১২) নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিয়ে পূরণকৃত আবেদন নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল হবে এবং এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না। কোনো প্রার্থী নিয়োগ লাভের পরও তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩) মৌখিক পরীক্ষার সময় Online এ পূরণকৃত Application Form সহ নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত কপি (১ম শ্রেণির কর্মকর্তা কর্তৃক) দাখিল করতে হবে:

- ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ। শিক্ষাগত যোগ্যতার সনদে শ্রেণি/গ্রেড উল্লেখ না থাকলে মার্কশিট/ট্রান্সক্রিপ্ট।
- খ) বিদেশি কলেজ/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রদত্ত সমমানের সনদ।
- গ) পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ।
- ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি।
- ঙ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

১৪) প্রার্থীগণকে চূড়ান্ত নিয়োগ লাভের পূর্বে স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

১৫) নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রমের আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন/বাতিল বা পদসংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭) Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলি :

- ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে http://erlb.teletalk.com.bd-এ আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ
  i. Online - আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ : ১৯ জুলাই, ২০২২ : সকাল ১০.০০টা।
  ii. Online আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ : ১৭ আগস্ট, ২০২২ : সন্ধ্যা ০৬.০০টা।
  উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র জমাদানের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।
- খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও সদ্য তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
- গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
- ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি (রঙিন) পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

১৮) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ

- ক) Online - আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submite-কারী প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রিন্ট (রঙিন) অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৳. ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।
  ১ম SMS : ERLB<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
  ২য় SMS : ERLB<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
- খ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://erlb.teletalk.com.bd-এ অথবা ইআরএল'র www.erl.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে।
  Online-এ আবেদনের ক্ষেত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।
- গ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র download পূর্বক প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।
- ঘ) শুধু Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন ঃ
  i) User ID জানা থাকলে : ERLB<space>Help<space>User<space)User ID & Send to 16222.
  Example : ERLB Help User ABCDEF & send to 16222.
  ii) PIN Number জানা থাকলে : ERLB<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
  Example : ERLB Help PIN 12345678 & send to 16222.
- ঙ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করুন অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার-এ যোগাযোগ করুন অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করুন।

19.07.2022

কামাল উদ্দিন আহমদ
ডেপুটি জেনারেল ম্যানেজার (পার্সোনেল)
ইস্টার্ণ রিফাইনারী লিমিটেড
উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।

পিএফ-১১২৯-২৬৫/২২ (১৭″×৪)